

ভারতীয় অর্থনীতিতে জাতীয় আয়ের ক্ষেত্রগত গঠনের গতিপ্রকৃতি

জাতীয় আয়ের ক্ষেত্রগত গঠন বলতে দেশের জাতীয় আয়ের কত অংশ কোন ক্ষেত্র থেকে আসছে

অর্থনীতিবিদ ক্লার্ক , ফিশার ও কুজনেটস জাতীয় অর্থনীতিকে আয়ের উৎসের দিক থেকে তিনটি ক্ষেত্রে ভাগ করেছেন

প্রাথমিক ক্ষেত্রে আছে কৃষি, বনভূমি, মৎস্য চাষ

মাধ্যমিক ক্ষেত্রে আছে শিল্প ,নির্মাণকাজ, বিদ্যুৎ, গ্যাস, জল সরবরাহ

তৃতীয় বা সেবামূলক ক্ষেত্রে আছে ব্যবসা-বাণিজ্য ,পরিবহন, ব্যাংকিং ও বিমা ,যোগাযোগ, ব্যক্তিগত ও সমষ্টিগত পরিষেবামূলক কাজ

তালিকা 1: ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে বর্তমান মূল্য ভিত্তিতে বিভিন্ন ক্ষেত্রের অবদান

বিভিন্ন ক্ষেত্র	1950-51(শতাংশ)	2016-17(শতাংশ)
প্রাথমিক	55.4	17.32
মাধ্যমিক	15.0	29.02
তৃতীয় বা সেবামূলক	29.6	53.66

পর্যবেক্ষণ

- 1) প্রাথমিক ক্ষেত্রের অবদান হ্রাস - ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে প্রাথমিক ক্ষেত্রের অবদানের মধ্যে উল্লেখযোগ্য হলো কৃষির অবদান এবং 1951এর পর থেকে প্রাথমিক ক্ষেত্রের অবদান হ্রাস পেয়েছে
- 2) মাধ্যমিক ক্ষেত্রের অবদান বৃদ্ধি - ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে মাধ্যমিক ক্ষেত্রের অবদানের মধ্যে উল্লেখযোগ্য হলো শিল্পের অবদান I1951 সালের পর থেকে মাধ্যমিক ক্ষেত্রের অবদান বেড়েছে ঠিকই কিন্তু কৃষির অবদান যে হারে কমেছে শিল্পের অবদান সেই হারে বাড়ে নি
- 3) তৃতীয় ক্ষেত্র বা সেবামূলক ক্ষেত্রের অবদান বৃদ্ধি - ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে সেবামূলক ক্ষেত্রের অবদানের মধ্যে উল্লেখযোগ্য হলো পরিবহন যোগাযোগ ও ব্যবসা-বাণিজ্য এবং 1951 সালের পর থেকে সেবামূলক ক্ষেত্রের অবদান উল্লেখযোগ্য ভাবে বেড়েছে
- 4) সরকারি ক্ষেত্রে অবদান বৃদ্ধি - 1951 সালের পর থেকে ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে সরকারি ক্ষেত্রে অবদান বেড়েছে সরকারি প্রশাসন ও প্রতিরক্ষা ব্যয় বাড়ার ফলে
- 5) অকৃষি ক্ষেত্রের অবদান বৃদ্ধি- 1950-51তে ভারতের স্থূল অভ্যন্তরীণ উৎপাদনে অকৃষি ক্ষেত্রের অবদান ছিল 44.6 শতাংশ এবং 2016-2017তে ভারতের সেই অবদান দাঁড়ায় 82.68 শতাংশ

- 6) মাধ্যমিক ক্ষেত্রের তুলনায় সেবা ক্ষেত্রের বৃদ্ধির হার অধিক - পরিকল্পনাকালে ভারতের প্রাথমিক ক্ষেত্রের গুরুত্ব কমেছে এবং মাধ্যমিক ও সেবা ক্ষেত্রের গুরুত্ব বেড়েছে। এটা ঠিক কিন্তু মাধ্যমিক ক্ষেত্রে তুলনায় সেবা ক্ষেত্রের প্রসার অধিক হারে ঘটেছে। মাধ্যমিক ক্ষেত্রের প্রসার কম হওয়ার কারণ হল পরিকাঠামোগত ত্রুটি, শিল্প সম্পর্কের অবনতি, কাঁচামালের অভাব, বিদ্যুৎ সংকট, আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা বৃদ্ধি, বিশ্ব বাণিজ্য সংস্থার উদ্ভব ইত্যাদি।
- 7) সেবামূলক ক্ষেত্র প্রসারণ অর্থনৈতিক উন্নতির লক্ষণ নয় - ক্লার্ক ও ফিশারের তত্ত্ব অনুযায়ী উন্নয়নের প্রথম দিকে জাতীয় আয়ে প্রাথমিক ক্ষেত্রের গুরুত্ব কমতে থাকে এবং মাধ্যমিক ক্ষেত্রের গুরুত্ব বাড়ে, ফলে প্রাথমিক ক্ষেত্রের উদ্বৃত্ত জনসংখ্যা মাধ্যমিক ক্ষেত্রে স্থানান্তরিত হয়। উন্নয়নের পরবর্তী স্তরে মাধ্যমিক ক্ষেত্রের জনসংখ্যা তৃতীয় ক্ষেত্রে স্থানান্তরিত হয় কিন্তু উন্নয়ন তত্ত্বের এই নিয়ম ভারতের অর্থনীতিতে কার্যকরী হয়নি। এখানে ক্ষেত্রগত বন্টনে প্রাথমিক ক্ষেত্রের গুরুত্ব কমলেও মাধ্যমিক ক্ষেত্রের তুলনায় সেবামূলক ক্ষেত্রের প্রসার অধিক ঘটেছে। মাধ্যমিক ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী উন্নতি না ঘটায় প্রাথমিক ক্ষেত্রের অতিরিক্ত জনসংখ্যা শহরে বা গঞ্জে স্বনির্ভর বা পরনির্ভর কোন পেশায় নিযুক্ত থাকতে বাধ্য হয়েছে শহরের ফুটপাথে, রাস্তার ধারে ছোট দোকান, ট্রেনের কামরায় দ্রব্য কেনাবেচা, রাস্তায় ফেরিওলা এর নিদর্শন। তাই ভারতীয় অর্থনীতিতে সেবামূলক ক্ষেত্রের প্রসার সত্ত্বেও দারিদ্র ও বেকারত্ব কমে নি।

তালিকা 2: বিভিন্ন ক্ষেত্রে নিযুক্ত ব্যক্তি

বিভিন্ন ক্ষেত্র	1950-51(শতাংশ)	2016-17(শতাংশ)
প্রাথমিক	72.7	53.2
মাধ্যমিক	10.0	21.5
তৃতীয় বা সেবামূলক	17.3	25.3

পর্যবেক্ষণ

1. ভারতের জাতীয় আয়ের ক্ষেত্র গত বন্টন হওয়া সত্ত্বেও পেশাগত কাঠামো প্রায় অপরিবর্তিত থাকার কারণ হলো কাঠামোগত ফাঁক। প্রাথমিক ক্ষেত্রের উদ্বৃত্ত জনসংখ্যা প্রাথমিক ক্ষেত্র থেকে শিল্পক্ষেত্রে স্থানান্তরিত হয় নি কারণ শিল্পক্ষেত্রের রুগ্নতা, নিশ্চিত আয় ও কর্মসংস্থানের অনিশ্চয়তা ইত্যাদি। প্রাথমিক ক্ষেত্রের উদ্বৃত্ত জনসংখ্যা স্বনির্ভর বা পরনির্ভর কোন পেশায় নিযুক্ত হতে বাধ্য হয়।
2. আবার শিক্ষা ও আধুনিক প্রযুক্তির সম্প্রসারণের ফলে তারা তৃতীয় ক্ষেত্রের দিকে আকৃষ্ট হচ্ছে কিন্তু দেশের ভয়াবহ বেকার সমস্যা জনসংখ্যা দ্রুত বৃদ্ধি ইত্যাদি কারণে তৃতীয় ক্ষেত্রে নিযুক্ত কর্মীসংখ্যা শতাংশ হিসেবে বিশেষ বৃদ্ধি পায়নি। প্রযুক্তিগত শিক্ষার অভাব, এক অঞ্চল থেকে কোন অঞ্চলে কাজের সুযোগের জন্য যাওয়ার অনিচ্ছা প্রভৃতি এর জন্য দায়ী।

তাই বলা যায় জাতীয় আয়ের ক্ষেত্রগত কাঠামোর পরিবর্তন ভারতীয় অর্থনীতির উন্নতির লক্ষণ কিন্তু অর্থনৈতিক উন্নয়নের প্রতিফলন জীবিকা কাঠামোয় প্রতিফলিত হয়নি।